

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে শেরেবাংলা এ কে ফজলুল হক: গণতন্ত্র ও জনমানুষের নেতা শীর্ষক সেমিনার আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ৩ এপ্রিল ২০১৯, বুধবার বিকাল ৪.৩০ মিনিটে কবি সুফিয়া কামাল মিলনায়তনে অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হক: গণতন্ত্র ও জনমানুষের নেতা শীর্ষক সেমিনারের আয়োজন করেছে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন সাংবাদিক **জনাব নজরুল কবীর**। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন প্রেস ইন্সটিটিউট বাংলাদেশের চেয়ারম্যান ও দৈনিক জাগরণ পত্রিকার সম্পাদক বিশিষ্ট সাংবাদিক **জনাব আবেদ খান**, জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ও সাবেক তথ্য কমিশনার **ড. খুরশীদা বেগম**, বিশিষ্ট লেখক, গবেষক ও রাজনীতিবিদ **জনাব নুহ-উল-আলম লেলিন** এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশের সভাপতি **অধ্যাপক মাহফুজা খানম**।

সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি **শিল্পী হাশেম খান**।

অনুষ্ঠানটির সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বীতা সম্পাদক/ বীতা পরিচালক

ঢাকা